মেহেরপুরে জেলা পর্যায়ে জাতীয় প্রাথমিক শিক্ষা পদক প্রতিযোগিতার উদ্বোধন

মেহেরপুর জেলা প্রশাসন ও জেলা প্রাথমিক শিক্ষা অফিসের উদ্যোগে জেলা পর্যায়ের জাতীয় প্রাথমিক শিক্ষা পদক প্রতিযোগিতার উদ্বোধন করা হয়েছে।

গতকাল রোববার সকালে জেলা শিল্পকলা একাডেমি মিলনায়তনে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে প্রতিযোগিতার উদ্বোধন করেন মেহেরপুরের জেলা প্রশাসক শিল্পী রানী রায়।

জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা সুকুমার রায়ের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখেন অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) পার্থ প্রতিম শীল।

অনুষ্ঠানে জেলা প্রশাসন ও প্রাথমিক শিক্ষা বিভাগের বিভিন্ন কর্মকর্তা, শিক্ষক, শিক্ষার্থী এবং অভিভাবকরা উপস্থিত ছিলেন।

প্রাথমিক শিক্ষার মাধ্যমেই শিশুদের মেধা ও মননশীলতার বিকাশ ঘটে

‘প্রাথমিক শিক্ষার মাধ্যমেই শিশুদের মেধা ও মননশীলতার বিকাশ ঘটে। তাদের সুপ্ত প্রতিভার বিকাশ ঘটাতে প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের ভূমিকা সবার আগে। দেশের শিক্ষা ব্যবস্থার মানোন্নয়ন ও অবকাঠামোগত উন্নয়নে সরকার সবোর্চ্চ গুরুত্বারোপ করেছে। বঙ্গবন্ধু কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২৬ হাজার ১৯৩টি বেসরকারি প্রাথমিক বিদ্যালয় সরকারিকরণ করেছেন। ১লা জানুয়ারিতেই সারাদেশে বই বিতরণের ঐতিহাসিক সাফল্য সারাবিশ্বকে হতবাক করে

দিয়েছে।

গতকাল শনিবার সকালে মেহেরপুর পৌর কমিউনিটি সেন্টারে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের করণীয় শীর্ষক মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে এ কথা বলেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন।

তিনি বলেন, ”একজন প্রাইমারী শিক্ষক যে কত দামী সেটা কিন্তু সকলে মাপতে পারে না। এটি মাপার জন্য সুশিক্ষিত যোগ্যতাসম্পন্ন মানুষের প্রয়োজন। ‘

মেহেরপুর স্থানীয় সরকার বিভাগের উপ-পরিচালক মোঃ শামীম হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন মেহেরপুর জেলা পুলিশ সুপার মোঃ রাফিউল আলম, অতিরিক্ত জেলা প্রশাসক সার্বিক (আইটিসি) মোঃ কাদের মিয়া, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার রুহুল আমিন, মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক সহ জেলার বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণ।

প্রাথমিক শিক্ষায় বিশেষ অবদানে জেলা পর্যায়ে শ্রেষ্ঠ দামুড়হুদা উপজেলা চেয়ারম্যান বাবু

প্রাথমিক শিক্ষায় বিশেষ অবদানের স্বীকৃতি স্বরূপ জেলা পর্যায়ে শ্রেষ্ঠ দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান মোঃ আলী মুনছুর বাবু।

গত ১৩ সেপ্টেম্বর জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা ও প্রাথমিক শিক্ষা পদক বাছাই কমিটির সদস্য সচিব তবিবুর রহমান স্বাক্ষরিত ফলাফলের তালিকা থেকে এ তথ্য জানা যায়।

জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তার কার্যালয়ের তথ্য মতে, ৮ টি

ইউনিয়ন ও ১ টি পৌরসভা নিয়ে গঠিত দামুড়হুদা উপজেলায় নিম্ন আয়ের মানুষের সংখ্যা বেশি হওয়ায় কয়েক বছর আগেও ওই অঞ্চলের শিক্ষার্থীদের বিদ্যালয়ে উপস্থিতির হার উদ্বেগজনক ছিল। কোভিড-১৯ পরবর্তী সময়ে প্রাথমিকের শিক্ষার্থীদের বিদ্যালয়মুখী করতে নানা কর্মপরিকল্পনা গ্রহণ করেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান মোঃ আলী মুনছুর বাবু।

নিয়মিত কাজের ফাঁকে সময় পেলেই ছুটে যান বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ে। মজার মজার গল্পের মাধ্যমে কোমলমতি শিশুদের আকৃষ্ট করে। শিশুদের নিয়মিত বিদ্যালয়মুখী করতে উপহার দেন স্কুল ড্রেস, স্কুল ব্যাগ, টিফিন বক্স, শিক্ষা উপকরণসহ নানা খেলার সামগ্রী।

এছাড়াও নিয়মিত উপস্থিত হন বিদ্যালয়ের অভিভাবক মা সমাবেশে। তার প্রচেষ্টায় উপজেলার প্রাথমিক বিদ্যালয়গুলোতে শিক্ষার্থীদের উপস্থিতি বৃদ্ধির পাশাপাশি পড়ালেখায় মনোযোগী হয়ে উঠার প্রবণতা ক্রমশ বেড়েই চলেছে।

চুয়াডাঙ্গা জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা ও প্রাথমিক শিক্ষা পদক বাছাই কমিটির সদস্য সচিব তবিবুর রহমান বলেন, দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান হবার পর থেকেই শিক্ষার্থীদের ঝরে পড়া রোধে উল্লেখযোগ্য অবদান রেখেছেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান মোঃ আলী মুনছুর বাবু। প্রাথমিক শিক্ষায় বিশেষ অবদান রাখায় ব্যক্তি এবং প্রতিষ্ঠান পর্যায়ে এ বছর ১৪ জনকে শ্রেষ্ঠ নির্বাচিত করা হয়েছে।

এম এ খালেক মেহেরপুর জেলার শ্রেষ্ট উপজেলা চেয়ারম্যান নির্বাচিত, সর্ব মহলের

অভিনন্দন

শিক্ষা ক্ষেত্রে বিশেষ অবদান রাখায় গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান ও মেহেরপুর জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক এমএ খালেক
মেহেরপুর জেলার শ্রেষ্ঠ উপজেলা চেয়ারম্যান নির্বাচিত হয়েছেন।

প্রাথমিক শিক্ষা পদক ২০২২ উপলক্ষে জেলা পর্যায়ে বাছাই কমিটি গাংনী উপজেলা পরিষদ চেয়ারম্যান এম এ খালেককে শ্রেষ্ঠ উপজেলা চেয়ারম্যান হিসেবে ভূষিত করেন।

মেহেরপুর জেলা প্রাথমিক শিক্ষা অফিসার ভূপেষ রঞ্জন রায় স্বাক্ষরিত এক চিঠিতে এ তথ্য জানান।

মেহেরপুর জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা ভূপেষ রঞ্জন রায় বলেন, মেহেরপুর জেলার শ্রেষ্ঠ উপজেলা চেয়ারম্যান নির্বাচিত হয়ে প্রাথমি ক শিক্ষা পদক-
২০২২ এ ভুষিত হয়েছেন ও গাংনী উপজেলা পরিষদ চেয়ারম্যান এম এ খালেক।

তিনি আরো জানান, আগামী ১৬ অক্টোবর খুলনা
বিভাগীয় পর্যায়ে বাছাই প্রতিযোগিতাতেও অংশ গ্রহনের জন্য বিভাগী য় কমিশনার এর কার্যালয় (খুলনা) উদ্দেশ্যে রওয়ানা দেবেন তিনি।

এদিকে জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা চেয়ারম্যান এম এ খালেক জেলার শ্রেষ্ঠ উপজেলা চেয়ারম্যান নির্বাচিত হওয়ায় রাজনৈতিক, সামাজিক সাংস্কৃতিকসহ বিভিন্ন মহল তাকে অভিনন্দন জানিয়েছেন।